গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..................... ৩

প্রস্তাবনা ..................... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ..................... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................... ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ..................... ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ..................... ১৬

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ক্ষুদ্রঋণ খাতের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসাবে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি সমগ্র দেশের ক্ষুদ্রঋণ খাতের তথ্য সংগ্রহের জন্য ন্যাশনাল ডাটাবেইজ প্রতিষ্ঠা করেছে। ক্ষুদ্রঋণ গ্রাহকের ঋণ তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মাইক্রোফাইন্যান্স ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (MF-CIB) প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ক্ষুদ্রঋণের সেবাকেন্দ্র (শাখা) সমূহের ভূতাত্বিক অবস্থান নির্ধারণপূর্বক তাদের পূর্ণাঙ্গ তথ্যাদি Google Map-এ সন্নিবেশের মাধ্যমে Digital Mapping of Microfinance Access Points in Bangladesh চালু করা হয়েছে। বিগত ৩ বছরে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য সাময়িক অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ হতে ৮৪টি প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে। এমআরএ’র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে ২০১৭-১৮, ২০১৮-১৯, এবং ২০১৯-২০(মার্চ ২০২০ পর্যন্ত) অর্থবছরে যথাক্রমে ১ লক্ষ ২০ হাজার ১ শত ৯১ কোটি টাকা, ১ লক্ষ ৪০ হাজার ৩ শত ১৭ কোটি টাকা, এবং ১ লক্ষ ২৮ হাজার ৪ শত ৮০ কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। উল্লিখিত সময়ে এমআরএ’র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের সদস্যদের নিকট হতে সংগৃহীত আমানতস্থিতি ছিল যথাক্রমে ২৬ হাজার ২ শত ৯৫ কোটি টাকা, ২৯ হাজার ৫ শত ৪০ কোটি টাকা এবং ৩১ হাজার ৩ শত কোটি টাকা। ক্ষুদ্রঋণ খাতের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ৩ বছরে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কর্মরত প্রায় ৫,০০০ কর্মকর্তাকে এমআরএ'র আইন-বিধি ও ডাটাবেইজ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের তহবিলের অভাব; ক্ষুদ্রঋণ গ্রাহকদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতনতার অভাব; আর্থিক শিক্ষার অভাব; ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা ও তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ জনবলের অভাব; ইত্যাদি।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ (Bangladesh Delta Plan 2100), টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) এবং ৭ম ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী এমআরএ কর্তৃক ক্ষুদ্রঋণ খাতের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তিকরণ, ক্ষুদ্রঋণ খাতের জন্য বিভিন্ন নীতিমালা তৈরী ও যুগোপযোগীকরণ; সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনাসহ ক্ষুদ্রঋণ কার্যক্রমের বর্তমান মডেলকে অক্ষুন্ন রেখে কিভাবে ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (DFS) চালু করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ; ক্ষুদ্রঋণ খাতের দক্ষতা বৃদ্ধির জন্য ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন, আর্থিক বিবরণী বিশ্লেষণ, কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্রঋণ কার্যক্রম সংক্রান্ত প্রকাশনা প্রকাশ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২৮০টি প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন;
- পরিদর্শনে প্রাপ্ত আপত্তিসমূহের ৭৫% নিষ্পত্তিকরণ;
- সনদের জন্য আবেদনকারী ৯৫% প্রতিষ্ঠানের আবেদন নিষ্পত্তিকরণ;
- সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ৯৬% নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণ;
- এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কর্মরত ৭২০ জনকে প্রশিক্ষণ প্রদান;
- এমআরএ'র এবং ক্ষুদ্রঋণ খাত সম্পর্কিত তথ্যাদি নিয়ে ২টি প্রতিবেদন প্রকাশ;
- এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক ১৬৫ হাজার কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণ ও ১৫১ হাজার কোটি টাকা ক্ষুদ্রঋণ আদায়; এবং
- এমআরএ’র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ২৩৪ লক্ষ নারী ঋণ গ্রাহকের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

স্বচ্ছ ও জবাবদিহিতা মূলক ক্ষুদ্রঋণ সেক্টর প্রতিষ্ঠার মাধ্যমে দারিদ্র বিমোচন ও দেশের টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্ষুদ্রঋণ খাতকে কার্যকর ও দক্ষ নিয়ন্ত্রণের মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের জন্য সহায়ক ও সুষ্ঠু পরিবেশ তৈরী, কর্মসংস্থান বৃদ্ধি, ক্ষুদ্র উদ্যোগ সৃষ্টি, সম্পদের সুষম বন্টন নিশ্চিতকরণ এবং ক্ষুদ্রঋণ খাতের উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ক্ষুদ্রঋণ খাতে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
২. ক্ষুদ্রঋণ খাতের গুণগত মান উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরী;
৩. সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা করা।
৪. নারীদেরকে ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য সনদ প্রদান;
২. ক্ষুদ্রঋণ খাতের জন্য নীতি নির্ধারণ;
৩. ক্ষুদ্রঋণ গ্রাহকের স্বার্থ সংরক্ষণ;
৪. ক্ষুদ্রঋণ গ্রাহকদের স্বার্থ সংরক্ষণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ;
৫. ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন;
৬. ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
৭. ক্ষুদ্রঋণ খাতের গুণগত মান উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরী;
৮. নারীদেরকে ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| আর্থিক অন্তর্ভুক্তির বৃদ্ধি | সদস্য সংখ্যা (স্থিতি) | লক্ষ জন | ৩১০ | ৩১৪ | ৩২০ | ৩২৫ | ৩৩০ | এমআরএ এবং সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ | এমআরএ-এমআইএস ডাটাবেইজ |
| | এমএফআই সদস্যদের সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি | % | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | এমআরএ এবং সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ | এমআরএ-এমআইএস ডাটাবেইজ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] ক্ষুদ্রঋণ খাতে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ; | ২৫ | [১.১] ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন | [১.১.১] পরিদর্শনের পরিমান | সমষ্টি | সংখ্যা | ৭ | ৩৫৬ | ২৮০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ২৪০ | ৩৫০ | ৩৭০ |
| | | [১.২] পরিদর্শন আপত্তি নিষ্পত্তি করা | [১.২.১] নিষ্পত্তির হার | গড় | % | ৬ | ৭৪ | ৭১ | ৭৫ | ৭৪ | ৭৩ | ৭২ | ৭০ | ৭৬ | ৭৬ |
| | | [১.৩] [১.৩] প্রতিষ্ঠান সমূহের সনদের আবেদন নিষ্পত্তি করা | [১.৩.১] নিষ্পত্তির হার | গড় | % | ৬ | ৯৭ | ৯৭ | ৯৫ | ৯৪ | ৯২ | ৯০ | ৮০ | ৯৬ | ৯৬ |
| | | [১.৪] সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণ | [১.৪.১] বিশ্লেষণের হার | গড় | % | ৬ | ৯০ | ৬২ | ৯৬ | ৯২ | ৮০ | ৭২ | ৭০ | ৯৬ | ৯৬ |
| [২] ক্ষুদ্রঋণ খাতের গুণগত মান উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরী; | ২০ | [২.১] এমআরএ-এর সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের জনবলকে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮৩৬ | ৬৭৭ | ৭২০ | ৬৫০ | ৬২৫ | ৬০০ | ৫৮০ | ৮৫০ | ৯৫০ |
| | | [২.২] এমআরএ এর কার্যক্রম এবং ক্ষুদ্রঋণ খাত নিয়ে প্রকাশনা প্রকাশ | [২.২.১] প্রকাশিত প্রকাশনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| [৩] সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা করা। | ২০ | [৩.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় | [৩.১.১] বিতরণকৃত ঋণ | সমষ্টি | হাজার কোটি টাকা | ১০ | ১৪০ | ১২৮.৪৮ | ১৬৫ | ১৬০ | ১৫০ | ১৪৫ | ১৪৩ | ১৭৫ | ১৯০ |
| | | | [৩.১.২] আদায়কৃত ঋণ | সমষ্টি | হাজার কোটি টাকা | ১০ | ১৩৩ | ১২২.০৮ | ১৫১ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১৬৫ | ১৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] নারীদেরকে ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন। | ১০ | [৪.১] নারী উদ্যোক্তাদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ | [৪.১.১] নারী ঋণ গ্রাহকের সংখ্যা (স্থিতি) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা(লক্ষ জন) | ১০ | ২৩১ | ২৩৩.১২ | ২৩৪ | ২৩৩ | ২৩২ | ২৩১ | ২৩০ | ২৩৭ | ২৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ২৯-০৭-২০২০ ............................................ |
| এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান<br>মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি | তারিখ |
| ............................................ | ২৯/৭/২০২০ খ্রি: ............................................ |
| সিনিয়র সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমআরএ (MRA) | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি |
| ২ | এমএফআই (MFI) | মাইক্রো-ফাইন্যান্স ইন্সস্টিটিউশন |
| ৩ | সিআইবি (CIB) | ক্রেডিট ইনফরমেশন ব্যুরো |
| ৪ | এমআরএ-এমআইএস (MRA-MIS) | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি-ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন | [১.১.১] পরিদর্শনের পরিমান | জুন, ২০২১ এর মধ্যে ২৮০টি প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন | এমআরএ-এর সুপারভিশন শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [১.২] পরিদর্শন আপত্তি নিষ্পত্তি করা | [১.২.১] নিষ্পত্তির হার | জুন, ২১ এর মধ্যে সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত আপত্তির ৭৫ % নিষ্পত্তি করা | এমআরএ-এর সুপারভিশন শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [১.৩] [১.৩] প্রতিষ্ঠান সমূহের সনদের আবেদন নিষ্পত্তি করা | [১.৩.১] নিষ্পত্তির হার | জুন, ২১ এর মধ্যে সনদের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের ৯৫%আবেদন নিষ্পত্তি করা | এমআরএ-এর সনদ শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [১.৪] সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণ | [১.৪.১] বিশ্লেষণের হার | জুন, ২১ এর মধ্যে দাখিলকৃত ৯৬% নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণ | এমআরএ-এর অডিট শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [২.১] এমআরএ-এর সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের জনবলকে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত জনবল | জুন, ২১ এর মধ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কর্মরত ৭২০ জনকে প্রশিক্ষণ প্রদান | এমআরএ-এর প্রশিক্ষণ শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [২.২] এমআরএ এর কার্যক্রম এবং ক্ষুদ্রঋণ খাত নিয়ে প্রকাশনা প্রকাশ | [২.২.১] প্রকাশিত প্রকাশনা | জুন, ২১ এর মধ্যে ২টি প্রতিবেদন প্রকাশ করা | এমআরএ-এর রিসার্চ শাখা | | এমআরএ-এর প্রতিবেদন |
| [৩.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় | [৩.১.১] বিতরণকৃত ঋণ | জুন, ২১ এর মধ্যে ১ লক্ষ ৬৫ হাজার কোটি টাকা ঋণ বিতরণ করা | এমআইএস এন্ড আইটি শাখা | | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রদত্ত রিপোর্ট ও এমআরএ-এমআইএস (MRA-MIS) ডাটাবেইজ |
| | [৩.১.২] আদায়কৃত ঋণ | জুন, ২১ এর মধ্যে ১লক্ষ ৫১ হাজার কোটি টাকা ঋণ আদায় করা | এমআইএস এন্ড আইটি শাখা | | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রদত্ত রিপোর্ট ও এমআরএ-এমআইএস (MRA-MIS) ডাটাবেইজ |
| [৪.১] নারী উদ্যোক্তাদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ | [৪.১.১] নারী ঋণ গ্রাহকের সংখ্যা (স্থিতি) | জুন, ২১ এর মধ্যে ২৩৪ লক্ষ নারী ঋণ গ্রাহকের মধ্যে ক্ষুদঋণ বিতরণ করা | এমআইএস এন্ড আইটি শাখা | | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রদত্ত রিপোর্ট ও এমআরএ-এমআইএস (MRA-MIS) ডাটাবেইজ |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|